গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৭৯.১৭.৩৬৮ তারিখ: ৭ চৈত্র ১৪২৫
২১ মার্চ ২০১৯

বিষয়: **স্বাধীনতা পুরস্কার ২০১৯ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ মার্চ ২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৪১৮.২৩.০০২.১৮.১০৪ সংখ্যক পত্রটি (সংলগ্নীসহ) এ সঙ্গে প্রেরণপূর্বক স্বাধীনতা পুরস্কার ২০১৯ প্রদান অনুষ্ঠানে আমন্ত্রিত কর্মকর্তাগণকে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যেতে পারে।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।

২১-৩-২০১৯
কাউসার নাসরীন
উপসচিব
ফোন: ৯৫৪৯১৩০
ইমেইল: sas_admin1@moedu.gov.bd

বিতরণ :
১) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
২) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
৩) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
৪) ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
৫) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৬) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
৭) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী, ঢাকা।
৯) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
১০) সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, ঢাকা।
১১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ

শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,
ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৭৯.১৭.৩৬৮/১(২) তারিখ: ৭ চৈত্র ১৪২৫ / ২১ মার্চ ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২১-৩-২০১৯
কাউসার নাসরীন
উপসচিব

অতি জরুরি

উপ-সচিব (প্রশাসন) এর দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
ডায়েরী নং ৪৬০ তারিখ ২৮/৩/১৯
DS(A&E)
উপসচিব (প্রশাসন)
২৮.০৩.১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
www.cabinet.gov.bd

নম্বর : ০৪.০০.০০০০.৪১৮.২৩.০০২.১৮.১০৪

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৫ / ১৩ মার্চ ২০১৯

বিষয় : **স্বাধীনতা পুরস্কার ২০১৯ সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে আগামী ২৫ মার্চ ২০১৯ তারিখ সোমবার সকাল ১০:০০ ঘটিকায় ঢাকার শের-ই-বাংলা নগরস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে স্বাধীনতা পুরস্কার ২০১৯ প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে পুরস্কার প্রদানে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। আমন্ত্রিত অতিথিবৃন্দের নিকট যথাসময়ে আমন্ত্রণপত্র প্রেরণ করা হবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ নভেম্বর ২০১১ তারিখে জারিকৃত ৩৬০ সংখ্যক পরিপত্র অনুযায়ী স্বাধীনতা পুরস্কার প্রদান অনুষ্ঠানে ঢাকায় অবস্থানরত আমন্ত্রিত সরকারি কর্মকর্তাগণের উপস্থিতির বাধ্যবাধকতা রয়েছে (কপি সংযুক্ত)। এছাড়াও, জাতীয় অনুষ্ঠানের সুষ্ঠু ব্যবস্থাপনার সুবিধার্থে আমন্ত্রিত কর্মকর্তাগণের উপস্থিতি/অনুপস্থিতির বিষয়টি নিশ্চিতকরণের জন্য ২৯ মার্চ ২০১২ তারিখের ১১৫ সংখ্যক পরিপত্রে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে (কপি সংযুক্ত)।

৩। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্রসমূহের নির্দেশনা অনুযায়ী স্বাধীনতা পুরস্কার ২০১৯ প্রদান অনুষ্ঠানে আমন্ত্রিত তাঁর অধীনস্থ কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে সহযোগিতা কামনা করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে

১৩.০৩.১৯
(মো: রেজাউল আহসান)
অতিরিক্ত সচিব
ফোন: ৯৫১৪৩৮৮
ই-মেইল: addl_ar@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়/বিভাগ (সকল)

সিনিয়র সচিবের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

| | |
|---|---|
| ডায়েরী নং | তারিখ |
| অতিঃ সচিব (প্রঃ অর্থ) | অতিঃ সচিব (উন্নয়ন) |
| অতিঃ সচিব (বিশ্ববিদ্যালয়) | অতিঃ সচিব (সরকারী মাধ্যমিক) |
| অতিঃ সচিব (কলেজ / আইন) | অতিঃ সচিব (বেসরকারী মাধ্যমিক) |
| যুগ্ম-সচিব (অডিট) | যুগ্ম প্রধান পরিকল্পনা |

সিনিয়র সচিব

১৫৫
১৯/৩/১৯

\\MYSRV\adm_dis_sec\2019\Award_2019\Guest List\Letter-attendence ensure.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

নম্বর-০৪.৪১৬.০২৩.০০.০০.০১২.২০১০-৩৬০

তারিখ ঃ ২৯ কার্তিক ১৪১৮
১৩ নভেম্বর ২০১১

## পরিপত্র

**বিষয় ঃ জাতীয় পর্যায়ের উৎসব/এতদ্‌সংক্রান্ত বিভিন্ন দিবস উদ্‌যাপন/পালন উপলক্ষে সরকার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে আমন্ত্রিত সরকারি কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিতকরণ সংক্রান্ত।**

জাতীয় পর্যায়ের উৎসব এবং এতদ্‌সংক্রান্ত বিভিন্ন দিবস উদ্‌যাপন উপলক্ষে সরকার কর্তৃক আয়োজিত যে সকল অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি/মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থাকবেন সে সকল অনুষ্ঠানে ঢাকায় অবস্থানরত আমন্ত্রিত সকল সরকারি কর্মকর্তাকে উপস্থিত থাকতে হবে। অর্থাৎ এ ধরনের অনুষ্ঠানে আমন্ত্রিত সকল সরকারি কর্মকর্তার উপস্থিতি আবশ্যকীয়।

২। জাতীয় পর্যায়ের উৎসব হিসাবে আয়োজিত বিভিন্ন রাষ্ট্রীয় অনুষ্ঠান/দিবসের তালিকা নিম্নরূপঃ

একুশে পদক বিতরণ অনুষ্ঠান, শহীদ দিবস/আন্তর্জাতিক মাতৃভাষা দিবস (২১ ফেব্রুয়ারি), স্বাধীনতা পুরস্কার বিতরণ অনুষ্ঠান, জাতির পিতার জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস (১৭ মার্চ), স্বাধীনতা ও জাতীয় দিবস (২৬ মার্চ), জাতীয় শোক দিবস (১৫ আগস্ট), বিজয় দিবস (১৬ ডিসেম্বর), ঈদ-উল-ফিতর (১ শাওয়াল), ঈদ-উল-আযহা (১০ জিলহজ্জ), ঈদ-ই-মিলাদুন্নবী (১২ রবিউল আওয়াল), বাংলা নববর্ষ (১ বৈশাখ), দুর্গাপূজা, বড়দিন (২৫ ডিসেম্বর), বৌদ্ধ পূর্ণিমা (মে মাসে), মে দিবস (১ মে), রবীন্দ্র জয়ন্তী (২৫ বৈশাখ) এবং নজরুল জয়ন্তী (১১ জ্যৈষ্ঠ)।

৩। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত কোন অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি/মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থাকলে তাতে ঢাকায় অবস্থানরত আমন্ত্রিত সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যকীয় হবে।

৪। ঢাকায় অবস্থানরত কোন আমন্ত্রিত কর্মকর্তা অসুস্থতা বা অন্য কোন জরুরি কাজে ব্যস্ত থাকার কারণে উপর্যুক্ত অনুষ্ঠানসমূহে যোগদান করতে অপারগ হলে অনুষ্ঠানের পূর্বেই মন্ত্রিপরিষদ বিভাগ হতে অনুপস্থিতির জন্য অনুমতি গ্রহণ করতে হবে।

৫। উপর্যুক্ত অনুষ্ঠানসমূহে আমন্ত্রিত সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

৬। জাতীয় পর্যায়ের উৎসব/এতদ্‌সংক্রান্ত বিভিন্ন দিবস উদ্‌যাপন উপলক্ষে সরকার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে আমন্ত্রিত সরকারি কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিতকরণের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত ২ এপ্রিল ২০০৩ তারিখের ১(২৩)/২০০২-মপবি(সাধারণ)/৮৬ সংখ্যক পরিপত্র সংশোধনক্রমে এটি জারি করা হল।

৭। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৩/১১/১১

(মোঃ মঈন উদ্দিন)
যুগ্মসচিব (প্রশাসন ও বিধি)

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

বিতরণ ঃ

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

২। সচিব (সকল)..................................................................মন্ত্রণালয়/বিভাগ।

৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব - ১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

৪। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা।

৫। বিভাগীয় কমিশনার (সকল) ........................................বিভাগ।

৬। জেলা প্রশাসক (সকল).....................................জেলা।

৭। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব (সকল)........................................................মন্ত্রণালয়।

৮। সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
www.cabinet.gov.bd

১৫ চৈত্র ১৪১৮

নম্বর- ০৪.৪১৬.০২৩.০০.০০.০১২.২০১০-১১৫ তারিখঃ---------------------

২৯ মার্চ ২০১২

পরিপত্র

বিষয় ঃ জাতীয় অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের উপস্থিতি নিশ্চিতকরণ সংক্রান্ত।

জাতীয় পর্যায়ে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিবৃন্দের উপস্থিতি সম্পর্কে যথাসময়ে নিশ্চিত না হওয়ার কারণে অনেক সময় আসন বিন্যাসে অসুবিধার সৃষ্টি হয়। কোন কোন ক্ষেত্রে সামনের দিকের একাধিক সারিতে আসন শূন্য থাকে, যা দৃষ্টিকটূ। আবার কখনও কখনও বিলম্বে আগত অতিথিবৃন্দের যথোপযুক্ত আসন পেতে অসুবিধা হয়।

০২। উল্লিখিত অবস্থার পরিপ্রেক্ষিতে, জাতীয় পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানসমূহে, বিশেষত যে সকল অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি কিংবা মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থাকেন সেগুলির ক্ষেত্রে, আমন্ত্রণপত্র পাওয়ার পর সংশ্লিষ্ট অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথির উপস্থিতির বিষয় আমন্ত্রণপত্রে উল্লিখিত টেলিফোন নম্বরে নিশ্চিত করতে হবে। আমন্ত্রিত অতিথি কোন কারণে সংশ্লিষ্ট অনুষ্ঠানে যোগদানে অপারগ হলে তাও আয়োজকদেরকে জানাতে হবে।

০৩। যে সকল আমন্ত্রিত ব্যক্তির একান্ত সচিব রয়েছেন, সংশ্লিষ্ট অনুষ্ঠানে তাঁদের উপস্থিতি/অনুপস্থিতির বিষয়টি নিশ্চিত করা সংশ্লিষ্ট একান্ত সচিবের কর্তব্য হিসাবে বিবেচিত হবে। অন্যান্য ক্ষেত্রে আমন্ত্রিত ব্যক্তি অনুগ্রহপূর্বক স্বয়ং কিংবা তাঁর কোন উপযুক্ত প্রতিনিধি বিষয়টি নিশ্চিত করবেন। সশস্ত্র বাহিনীর ক্ষেত্রেও অনুরূপ ব্যবস্থা প্রযোজ্য হবে।

০৪। জাতীয় অনুষ্ঠানের সুষ্ঠু ব্যবস্থাপনা ও যথাযথ আসন বিন্যাসের সুবিধার্থে অনুষ্ঠানের অন্তত একদিন পূর্বে আমন্ত্রিত অতিথির উপস্থিতি/অনুপস্থিতির বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

০৫। উপর্যুক্ত সিদ্ধান্ত তাঁর আওতাধীন সকল প্রতিষ্ঠানকে অবহিতকরণ এবং এর যথাযথ বাস্তবায়নে সকল মন্ত্রণালয়/বিভাগের সচিব এবং সংশ্লিষ্ট অন্য সকলের সক্রিয় সহযোগিতা কামনা করা যাচ্ছে।

(মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা)
মন্ত্রিপরিষদ সচিব

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) ঃ

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। বিজ্ঞ এটর্নি জেনারেল, এটর্নি জেনারেলের কার্যালয়, ঢাকা।
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
৪। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, অডিট ভবন, ঢাকা।
৫। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,........................................................................মন্ত্রণালয়/বিভাগ।
৬। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
৭। ভারপ্রাপ্ত সচিব, জাতীয় সংসদ সচিবালয়, সংসদ ভবন, ঢাকা।
৮। রেজিস্ট্রার, সুপ্রিম কোর্ট, ঢাকা।
৯। সচিব,..........................................................................................কমিশন।
১০। মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ..........................................................................।